

যুগান্তর

কুমিল্লায় জিপিএ-৫ পেয়েছে ১২ হাজার

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ১২ মে ২০২৪, ১১:২৮:০২ | [অনলাইন সংস্করণ](#)



ফাইল ছবি

এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এবার কুমিল্লা বোর্ড জিপিএ-৫ পেয়েছে ১২ হাজার ১০০ শিক্ষার্থী। এ বোর্ডে পাশের হার ৭৯.২৩ শতাংশ।

এর আগে রোববার সকালে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে এ ফল প্রকাশ করেন।

এ সময় প্রধানমন্ত্রী বলেন, ডিজিটাল যুগের শিক্ষার্থীদের মেধা অনেক বেশি। তাদের সেই মেধা বিকাশের সুযোগ দিতে হবে। তিনি আরও বলেন, অধিকাংশ শিক্ষা বোর্ডে ছাত্রীর সংখ্যা বেশি ছাত্র কম কেন, সেটি খুঁজে বের করতে হবে।

প্রধানমন্ত্রী আরও জানান, গত দেড় দশকে কারিগরি শিক্ষা, নারী শিক্ষা ও সাক্ষরতার হার বেড়েছে।

পরীক্ষার ফল প্রকাশের পর এসএমএসের মাধ্যমে সংগ্রহ করা যাবে। এজন্য SSC Board name (প্রথম তিন অক্ষর) Roll Year টাইপ করে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। উদাহরণ: SSC Dha 123456 2024 Send to 16222।

প্রসঙ্গত, এবারের এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় মোট পরীক্ষার্থী ২০ লাখ ২৪ হাজার ১৯২ জন। পরীক্ষার্থীদের মধ্যে ছাত্র ৯ লাখ ৯২ হাজার ৮৭৮ জন এবং ছাত্রী ১০ লাখ ৩১ হাজার ৩১৪ জন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

